



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া  
বখশিবাজার, ঢাকা-১২১১

website : www.dhkgovmalia.edu.bd, E-mail : malia1780dhaka@gmail.com



তারিখ: ০৬-১০-২০২০ খ্রি.

**০২ বছর মেয়াদী কামিল এম.এ (হাদীস, তাফসীর, ফিকহ ও আদব বিভাগ) ১ম পর্বে সংশোধিত  
ভর্তি বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে কামিল (এম.এ) ১ম পর্বে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রাথমিক আবেদন ফরম ২২/০৯/২০২০ তারিখ হতে ১৪/১০/২০২০ তারিখ অফিস চলাকালীন সময়ে এবং ১৫/১০/২০২০ তারিখ সকাল ১০টা পর্যন্ত সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা-এর অফিস হতে সংগ্রহ করা যাবে।

ভর্তি পরীক্ষার তারিখ : ১৫/১০/২০২০ বৃহস্পতিবার।

সময় : সকাল ১১:০০ ঘটিকা।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর অধীনে ফাযিল (স্নাতক) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা-২০১৮ ও ২০১৯ ও ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অধীনে ফাযিল (স্নাতক) ৩য় বর্ষ চূড়ান্ত পরীক্ষা ২০১৬, ২০১৭ ও ২০১৮ (অনিয়মিত) সালে উত্তীর্ণ ছাত্রদের ২০১৯-২০২০ শিক্ষা বর্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা এর অধীনে কামিল এম.এ (২ বছর মেয়াদী) শ্রেণীতে (নিয়মিত) ১ম পর্বে ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। নির্ধারিত ফি জমাপূর্বক মাদ্রাসার কাউন্টার থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

এ ছাড়াও একটি বিষয়ে কামিল এম.এ (২ বছর মেয়াদী) ডিগ্রী অর্জন করার পর অন্য যে কোনো বিষয়ে পুনরায় ভর্তি হয়ে কামিল ডিগ্রী অর্জন করতে পারবে। ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ২০১৬ এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা, হতে কামিল এম.এ (২ বছর মেয়াদী) পরীক্ষা- ২০১৭, ২০১৮ সালে উত্তীর্ণ ছাত্র ২০১৯-২০২০ শিক্ষা বর্ষে কামিল এম.এ নিয়মিত (২ বছর মেয়াদী) শ্রেণীতে ১ম পর্বে ভর্তি হতে পারবে।

খ) আবেদনের সাথে দাখিল, আলিম ও ফাযিল ৩য় বর্ষ পরীক্ষার মার্কসীটের/টেবুলেশনসীটের ফটোকপি এবং ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি আবেদনপত্রের উপরে এবং প্রবেশপত্রে সংযুক্ত করতে হবে।

গ) ভর্তি পরীক্ষার বিষয়াবলি : (ফাযিল শ্রেণির সিলেবাস অনুযায়ী)।

(ক) তাফসীরুল কুরআন	মান -২০
(খ) আল-হাদীস	মান-২০
(গ) আল-ফিকহ	মান-২০
(ঘ) আল-আদাবুল-আরাবি	মান-২০
(ঙ) সাধারণ জ্ঞান	মান-২০

প্রফেসর মোঃ আলমগীর রহমান  
আইডি নং ০৬৩৪  
অধ্যক্ষ  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা।

প্রফেসর মোঃ আলমগীর রহমান  
অধ্যক্ষ  
সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা